গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-১ শাখা)
www.molwa.gov.bd

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত গঠিত সমন্বয় উপকমিটির প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ তাজুল ইসলাম
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

তারিখ ও সময়: ২৫-০২-২০২১, সকাল ১১.০০।

সভার স্থান : স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সভাকক্ষ
(ভবন নং-৭, কক্ষ নং-৬০১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

মাননীয় মন্ত্রীর অনুমতিক্রমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, জনাব তপন কান্তি ঘোষ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে । তিনি স্বাধীনতা যুদ্ধে শাহাদাত বরনকারী সকল শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মহোদয়কে শুভেচ্ছা বক্তব্য প্রদানের অনুরোধ জানান।

০২। মাননীয় মন্ত্রী , স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সভায় আগত সকলকে স্বাগত জানান। তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি স্বাধীনতা যুদ্ধে শাহাদাত বরনকারী সকলের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, মহান মুক্তিযুদ্ধ আমাদের জাতীয় জীবনে অহংকার । অধিকার আদায় করে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের স্বাধীনতা এনে দিয়েছেন ।

০৩। অতপর সভার কার্যপত্র অনুযায়ী সভার আলোচনা শুরু হয়। সভাপতি সকল সদস্যকে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের সুবর্ণজয়ন্তীর কর্মসূচির অগ্রগতি উপস্থাপনের অনুরোধ জানান। প্রত্যেক মন্ত্রণালয় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে গৃহীত নিজস্ব কর্মসূচি সভায় উপস্থান করেন। সভায় আগত প্রতিনিধিদের উপস্থাপিত কর্মসূচির অগ্রগতির বিষয়টি বিস্তারিতভাবে আলোচনা হয়।

০৪। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের গৃহীত নিজস্ব কর্মসূচি জরুরি ভিত্তিতে উক্ত উপকমিটির সদস্য সচিব (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব) বরাবর প্রেরণ করতে হবে।

(খ) সভায় সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে গঠিত সমন্বয় উপকমিটিতে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগকে সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সভায় নিম্নোক্তভাবে সমন্বয় বিষয়ক ওয়ার্কিং গ্রুপ গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবী | ওয়াকিং গ্রুপ |
|---|---|---|
| ১. | জনাব মো: এমদাদ উল্লাহ মিয়ান<br>অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | আহবায়ক |
| ২. | মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩. | পররাষ্ট্র মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৪. | তথ্য মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৫. | মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৬. | জননিরাপত্তা বিভাগ এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৮. | উপসচিব (প্রশাসন) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য সচিব |

কর্মপরিধি: সমন্বয় বিষয়ক ওয়াকিং গ্রুপ সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি সংগ্রহ করে পরীক্ষাপূর্বক কোন কোন কার্যক্রম জাতীয় পর্যায়ে গ্রহণ করা যেতে পারে এবং কোন কোন কার্যক্রম স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গ্রহণ করা সমীচীন তা নির্ধারন করে সমন্বয় উপকমিটির নিকট উপস্থাপন করবে।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে ধন্যবাদ জানান স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে মাননীয় মন্ত্রী সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত- ০১/০৩/২০২১
(মোঃ তাজুল ইসলাম)
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
ও
আহবায়ক
স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে
উদযাপনের নিমিত্ত গঠিত সমন্বয় উপকমিটি

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.১০.২০২১-৬০

তারিখ: ১৭ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
০২ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। জনাব মোঃ এমদাদ উল্লাহ মিয়ন, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ ও আহবায়ক, ওয়াকিং গ্রুপ, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত গঠিত সমন্বয় উপকমিটি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

02/03/2021

(দেবাশীষ নাগ)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোন-৯৫৭৮৬৪৮
info.molwa@yahoo.com

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.১০.২০২১-৬০

তারিখ: ১৭ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
০২ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
০৪। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০৫। সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

02/03/2021

(দেবাশীষ নাগ)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোন-৯৫৭৮৬৪৮
info.molwa@yahoo.com